

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

স্মারক নং : ৩৮.০১.৩০০০.০০০.২৭.০২১.২২। ৫৬ (১৬)


তারিখ: ০২ মাঘ ১৪২৯
২৬ জানুয়ারি ২০২০

অফিস আদেশ

যেহেতু, জনাব পিয়ারা আক্তার, প্রধান শিক্ষক, ফকিরেরপুল সরকারি প্রাথমিক বিদ্যালয়, রমনা, ঢাকা কে বিদ্যালয়ের কার্যক্রম দুপুর ২.১৫ ঘটিকা পর্যন্ত পরিচালনা করে থাকার অভিযোগে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;


যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানীর জন্য প্রার্থনা করেন। গত ১৫.১২.২০২২ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে তিনি তার বক্তব্যে জানান যে, তিনি বিদ্যালয়ের কার্যক্রম দুপুর ২.১৫ ঘটিকা পর্যন্ত পরিচালনা করেন না বরং তিনি অসুস্থ থাকায় হাজিরাতে ভুলবশত ২.১৫ লিখে স্বাক্ষর করেছেন অন্যান্য শিক্ষকগণ ২.৪৫ লিখে স্বাক্ষর করেছেন। তার অনিচ্ছাকৃত ভুলের জন্য তিনি ক্ষমা প্রার্থনা করেছেন। ভবিষ্যতে এ ধরনের কোন ভুল হবে না মর্মে অঙ্গীকার করেন। সার্বিক পর্যালোচনায় তাকে ভবিষ্যতের জন্য 'সতর্ক' করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব পিয়ারা আক্তার, প্রধান শিক্ষক, ফকিরেরপুল সরকারি প্রাথমিক বিদ্যালয়, রমনা, ঢাকা এর ব্যক্তিগত শুনানীতে উপস্থাপিত জবানবন্দি ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তাকে ভবিষ্যতের জন্য 'সতর্ক' করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।


(মীর্জা মো: হাসান খসরু)
বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- দৃ: আ: পরিচালক (পলিসি ও অপারেশন)।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা।
- ৩। থানা শিক্ষা অফিসার, রমনা, ঢাকা।
- ৪। সহকারি থানা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট ক্লাস্টার), রমনা, ঢাকা।
- ৫। জনাব পিয়ারা আক্তার, প্রধান শিক্ষক, ফকিরেরপুল সরকারি প্রাথমিক বিদ্যালয়, রমনা, ঢাকা।
- ৬। সংরক্ষণ নথি।


(মীর্জা মো: হাসান খসরু)
বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।